মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫০৮৪/৪১২ তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ রবিউল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৯-০৮-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮২/২তম সভার ৮২/২(২) নং আলোচ্যসূচির ০৭ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন "ধুলিহর ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়" এর সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ রবিউল ইসলাম-এর বিরুদ্ধে প্রধান শিক্ষক জনাব মোঃ এমাদুল ইসলাম কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিকও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫০৮৪/৪১২(১-৬) তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৩। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, ধুলিহর ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৪। প্রধান শিক্ষক, ধুলিহর ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৫। সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ রবিউল ইসলাম, ধুলিহর ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৬। সংরক্ষণ নথি।

২৯.০৮.২০২৩

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিকও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২৯/৮/২৩

বিদ্যালয় কোড নং- ৫০৮৪ ইন নং - ১১৮৮৪৬

এমপিও কোড নং - ৬১০৫১৭১৩০৪

# দুলিহর-ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়

স্থাপিত - ১৯৯৫ ইং
ব্রহ্মরাজপুর, সাতক্ষীরা।
ই- মেইল : dbgh118846sat@gmail.com
মোবাইল ফোন নং : ০১৭১২০৭৩৬২০, ০১৩০৯১১৮৮৪৬

---

স্মারক নং - ডিবিমাবাবি/ ২২/২০২২ তারিখ -১৫/০৯/২০২২ খ্রিঃ

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

**বিষয়: সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন দুলিহর-ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামকে চূড়ান্ত বরখাস্তের জন্য আবেদন।**

জনাব,

যথাবিহিত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী এইমর্মে আবেদন করছি যে, মোঃ রবিউল ইসলাম, পিতা-মোঃ আনোয়ারুল ইসলাম, গ্রাম ও ডাকঘর ব্রহ্মরাজপুর, সদর, সাতক্ষীরা আমার বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক। সে একজন দুর্দান্ত প্রকৃতির, মিথ্যাবাদী, ষড়যন্ত্রকারী, অপপ্রচারকারী, গুজব রটনাকারী, বিদ্যালয়ের শৃংখলা ভঙ্গকারী, স্বেচ্ছাচারী, অশালীন, দুশ্চরিত্র প্রকৃতির ব্যক্তি। সে বিদ্যালয়ের দায়িত্ব কর্তব্যের প্রতি চরম অনীহা প্রকাশ করে। তার মিথ্যাচার, ঔদ্ধত্যপূর্ণ ও মারমুখী আচরণের কারণে অত্র বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মচারীরা নিরাপত্তাহীনতায়। বিগত ১২-৬-২০২২ খ্রিঃ তারিখে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভায় উক্ত সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামের বিরুদ্ধে সুনির্দিষ্ট ৫টি অভিযোগ উত্থাপিত হয়। উত্থাপিত অভিযোগগুলো উল্লেখ করে বিগত ১৪-০৬-২০২২ খ্রিঃ তারিখে উক্ত মোঃ রবিউল ইসলামকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। অতঃপর বিগত ২৪-০৬-২০২২ খ্রিঃ তারিখে বর্তমানে সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলাম কারণ দর্শানোর জবাব দেয়। উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবের প্রেক্ষিতে ০৩-০৭-২০২২ খ্রিঃ তারিখে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং একটি তদন্ত কমিটি গঠন ও তদন্তপূর্বক কমিটিকে প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়। যথা সময়ে তদন্ত প্রতিবেদন দাখিলের পর পুনরায় ০১-০৮-২০২২ খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় তদন্ত প্রতিবেদন পঠন ও সবিস্তারে পর্যালোচনা করা হয়। তদন্ত প্রতিবেদনে দেখা যায়, অত্র বিদ্যালয়ের অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত। উপস্থিত সভ্যগণের সর্বসম্মতিক্রমে ০২-০৮-২০২২ খ্রিঃ তারিখ থেকে তাকে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাকে সাময়িক বরখাস্তের চিঠি প্রেরণ করা হয়। সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলাম অতীতে বিভিন্ন সময়ে কর্তব্যে অবহেলা ও অসদাচরণ করে আসছে। সে প্রশাসনিক নির্দেশ পালনে অনীহা প্রকাশ করে। এমনকি ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের সামনে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন। এ ব্যাপারে মৌখিকভাবে একাধিকবার তাকে আইন কানুন মেনে চলার জন্য নির্দেশ দেওয়া হয়। এর আগেও উক্ত রবিউল ইসলামের এহেনও কর্মকাণ্ডের জন্য তাকে ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। তার জবাবে অফিস সহায়ক মোঃ রবিউল ইসলাম সন্তোষজনক উত্তর না দেওয়ায় ০৯-১১-২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সভ্যগণের সর্বসম্মতিক্রমে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। এরপর অফিস সহায়ক মোঃ রবিউল ইসলাম ১৫-১২-২০২১ খ্রিঃ তারিখে তার কৃতকর্মের জন্য দুঃখ প্রকাশ ও অনুতপ্ত হয়ে ভবিষ্যতে এমন কাজ করবে না মর্মে একটি অঙ্গীকারপত্র দেয়। ২২-০১-২০২২ খ্রিঃ তারিখের সভায় অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামের দেওয়া অঙ্গীকারপত্র নিয়ে পর্যালোচনান্তে মানবিক দৃষ্টিতে তাকে ক্ষমা করা হয়। পরবর্তীতে আমি প্রতিষ্ঠানের কোন কাজে দায়িত্ব দিলে সে আমার উপর চোখ রাঙ্গিয়ে জানায় যে, আমার নির্দেশ মতো কোনো কাজ সে করতে পারবে না। এরপর ১১-০৬-২০২২ খ্রিঃ তারিখে এ ধরনের ঔদ্ধত্যপূর্ণ আচরণ করে আমার বিনা অনুমতিতে সে স্কুল ত্যাগ করে চলে যায়। এর প্রেক্ষিতে ১২-০৬-২০২২ খ্রিঃ তারিখে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হয়। সেখানেও উক্ত মোঃ রবিউল ইসলাম ম্যানেজিং কমিটির সভাপতি, সদস্যবৃন্দ এবং শিক্ষকবৃন্দের উপস্থিতিতে উদ্ধতাপূর্ণ ও অসদাচরণ করে। যার প্রেক্ষিতে তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হলে সে যে জবাব দিয়েছে তা সন্তোষজনক না হওয়ায় তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়। উক্ত তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে বিগত ০২-০৮-২০২২ খ্রিঃ তারিখ হতে অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামকে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামের মিথ্যাচার, গুজব রটনা ও হুমকিতে অতিষ্ঠ হয়ে জীবনের নিরাপত্তার জন্য আমি এবং বিদ্যালয়ের সহকারী শিক্ষক এস. এম. শহীদুল ইসলাম বিগত ২০-০৬-২০২২ তারিখে পৃথকভাবে সাতক্ষীরা সদর থানায় সাধারণ ডায়েরি করতে বাধ্য হই। যার নং ১৩৯৩ ও ১৩৯৪। এছাড়া তার বিভিন্ন অপকর্মের জন্য ১৬/০৯/ ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং সভায় আলোচনা করা হয়। সেখানেও উক্ত মোঃ রবিউল ইসলাম মৌখিকভাবে ক্ষমা প্রার্থনা করলে মানবিক কারণে তাকে ক্ষমা করা হয়। এভাবে একের পর এক উক্ত মোঃ রবিউল ইসলাম বিদ্যালয়ের শৃংখলা ও স্বার্থ পরিপন্থী কর্মকান্ডে লিপ্ত। তার কাছে বিদ্যালয়টি কোনভাবেই নিরাপদ না। তার ষড়যন্ত্রের শিকার হয়ে বিদ্যালয়টি বিভিন্নভাবে ক্ষতির সম্মুখীন। সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামকে চূড়ান্তভাবে বরখাস্ত করা জরুরি।

অতএব, জনাবের নিকট একান্ত আরজ অত্র বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মোঃ রবিউল ইসলামকে চূড়ান্ত বরখাস্তপূর্বক বিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে মর্জি হয়।

বিনীত

১৫.০৯.২০২২

মোঃ এমাদুল ইসলাম
প্রধান শিক্ষক
দুলিহর-ব্রহ্মরাজপুর (ডি. বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়
ডাকঘর-ব্রহ্মরাজপুর
সদর, সাতক্ষীরা
মোবাঃ ০১৭১২০৭৩৬২০

**মোঃ এমাদুল ইসলাম**
প্রধান শিক্ষক
দুলিহর-ব্রহ্মরাজপুর (ডি.বি) মাধ্যমিক বালিকা বিদ্যালয়
ব্রহ্মরাজপুর, সদর, সাতক্ষীরা।
মোবাঃ ০১৭১২-০৭৩৬২০